# উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির ফেব্রুয়ারি/২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ আব্দুল্লাহ আল মামুন, উপজেলা নির্বাহী অফিসার, নলডাঙ্গা, নাটোর।

স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, নলডাঙ্গা,নাটোর ।

তারিখ ঃ ২৩/০২/২০২১ খ্রি., সময় ঃ বেলা ১১:০০ টায় ।

উপস্থিত সদস্য-পরিশিষ্ট ''ক''

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতি মহোদয় উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিষয়ে মুক্ত আলোচনায় অংশগ্রহণের জন্য উপস্থিত সদস্যদের অনুরোধ জানান। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ক. উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিষয়ে আলোচনা। | ১. সভাপতি উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতির উপর সংক্ষিপ্ত বক্তব্য রাখার জন্য নলডাঙ্গা থানার অফিসার ইনচার্জ এর প্রতিনিধি কে অনুরোধ জানান। তিনি জানান উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি বর্তমানে স্বাভাবিক রয়েছে। ফেব্রুয়ারি/২০২১ মাসের অপরাধ চিত্র সভায় উপস্থাপন করা হয়। অপরাধ চিত্র পর্যালোচনায় দেখা যায় ফেব্রুয়ারি /২০২১ মাসে নলডাঙ্গা থানায় মোট ১৭ টি মামলা দায়ের হয়েছে। ধর্ষণ ১টি, মাদক ১২টি, অন্যান্য ০৪টি মামলা হয়েছে। চুরি, চাঁদাবাজি, অপহরণ, নারী ও শিশু নির্যাতন, ডাকাতি, এসিড নিক্ষেপ, চোরাচালান সংক্রান্ত কোন মামলা হয়নি। আলোচনাকালে তিনি আরো জানান যে, নলডাঙ্গা উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সকলের সহযোগিতা প্রয়োজন।<br>তিনি আরো জানান যে, সন্ত্রাস, মাদক, জঙ্গীবাদ, জুয়ায় জিরো টলারেন্স আনতে হবে। প্রতিটি ইউনিয়নে মাদক নির্মূল কমিটি গঠন করে মাদক বিরোধী কার্যক্রম জোরদার করা হবে। এ ব্যাপারে তিনি সকলের সহযোগিতা চান। | ১) মাদক বিরোধী অভিযান অব্যাহত রাখা সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>২) সন্ত্রাস, জঙ্গীবাদ, বাল্য বিবাহ বিরোধী অভিযান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) অফিসার ইনচার্জ, নলডাঙ্গা থানা |
| | ২. জনাব মোঃ মামুনুর রশীদ, সাধারণ সম্পাদক, উপজেলা প্রেসক্লাব, নলডাঙ্গা জানান যে, উপজেলার সার্বিক আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তিনি আরো জানান যে, বিচ্ছিন্ন কয়েকটি ছোট চুরির ঘটনা ঘটেছে সেই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্যঅনুরোধ জানান। | ২. চুরি ও ছিনতাই এর বিরুদ্ধে অভিযান জোরদার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ২.(ক) অফিসার ইনচার্জ, নলডাঙ্গা থানা। |
| | ৩. জনাব মোঃ মামুনুর রশিদ তোতা, সহঃ অধ্যাপক, জানান যে, বর্তমানে উপজেলা আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তিনি আরো জানান যে, করোনাকালীন সময়ে বিভিন্ন কম্পিউটারের দোকান থেকে পর্নোগ্রাফি ছবি ছেলে-মেয়েদের নিকট মোবাইল ফোনে টাকায় বিনিময় লোড করে দিচ্ছে এবং বিভিন্ন ঔষুধের দোকানে নেশাজাতীয় দ্রব্য বিক্রয় করছে সেই বিষয়ে ব্যবস্থা গ্রহন করার | ৩. পুলিশের টহলে বৃদ্ধি এবং কম্পিউটার, ঔষধের দোকান এবং নকল দ্রব্য বিরুদ্ধে নিয়মিত অভিযান পরিচালনার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩. (ক) অফিসার ইনচার্জ, নলডাঙ্গা থানা।<br>(খ) চেয়ারম্যান , ইউপি সকল । |

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | অনুরোধ করেন। করোনাকালীন সময়ে মাদক ব্যবসায়ী নকল মাদক বিক্রয় করে করছে এতে মানুষের মৃত্যুর ঝুকি থেকে যায়। | | |
| | ৪. জনাব মোঃ রইছ উদ্দিন রুবেল, সদস্য, জেলা পরিষদ, নাটোর জানান যে, আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তিনি আরো জনান যে, বর্তমানে ইউনিয়ন পর্যায়ে মাদকের ব্যবহার বৃদ্ধি পাচ্ছে। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার অনুরোধ করেন।<br>৫. ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, নলডাঙ্গা জানান প্রত্যেক জুম্মায় খুৎবার আগে বা পরে সন্ত্রাস ও জঙ্গীবাদ বিরোধী বক্তব্য প্রচার করার জন্য সকল মসজিদের ইমাম সাহেব বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>৬. জনাব মোঃ আসাদুজ্জামান আসাদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নলডাঙ্গা জানান যে, কেউ যাতে অত্র উপজেলায় মাদক, জঙ্গীবাদ, সন্ত্রাসী কার্যক্রম পরিচালনা করতে না পারে সেজন্য সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। এছাড়া নলডাঙ্গা উপজেলায় আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।<br>৭. উপজেলা ভাইস চেয়ারম্যান জানান যে, বর্তমানে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। এই পরিস্থিতি সব সময় বজায় থাকে সেই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | ৪. মাদকের বিরুদ্ধে প্রয়োজন ব্যবস্থা গ্রহণের করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৫. জুম্মার নামাযে জঙ্গীবাদ বিরোধী বক্তব্য প্রচার এবং সরকারী যাকাত ফান্ডে অর্থ জমা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>৬. আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হলো ।<br>৭. আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার প্রয়োজন ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ৪.অফিসার ইনচার্জ, নলডাঙ্গা থানা, নাটোর।<br>৫. ইমাম /সুধীজন সকল।<br><br>৬. সংশ্লিষ্ট সকল<br>৭.অফিসার ইনচার্জ, নলডাঙ্গা থানা, নাটোর |
| খ. ইউনিয়ন আইন-শৃংখলা পরিস্থিতি | ১. সভাপতি ইউনিয়ন পরিষদ সমূহের আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে জানতে চাইলে উপস্থিত ইউ,পি চেয়ারম্যানগণ জানান যে, ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভা আবশ্যিকভাবে অনুষ্ঠান পূর্বক সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য সকল ইউ,পি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | ১. প্রতিমাসে ইউনিয়ন আইন শৃঙ্খলা কমিটির সভার আলোচনা অনুষ্ঠান আবশ্যিকভাবে নিশ্চিত পূর্বক সভার কার্যবিবরণী প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. ইউ,পি চেয়ারম্যান (সকল) |
| | ২. জনাব মোঃ কলিম উদ্দিন, চেয়ারম্যান, ৪নং পিপরুল ইউপি জানান যে, তাঁর ইউনিয়নের আইন-শৃংখলা পরিস্থিতি স্বাবাবিক রয়েছে। উপজেলা আইন-শৃংখলা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন করা হয়। | ২. পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের অগ্রগতিসহ সভায় উপস্থিত হবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হলো । | ২. সংশ্লিষ্ট সকল |
| | ৩. জনাব মোঃ জালাল উদ্দিন, চেয়ারম্যান, ৫নং বিপ্রবেলঘরিয়া ইউপি জানান যে, তাঁর ইউনিয়নের আইন-শৃংখলা পরিস্থিতি স্বাবাবিক রয়েছে। উপজেলা আইন-শৃংখলা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন করা হয়। | ৩. পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের অগ্রগতিসহ সভায় উপস্থিত হবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | ৩.সংশ্লিষ্ট সকল |

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | ৪. জনাব মোঃ খলিলুর রহমান, চেয়ারম্যান, ৩নং মাধনগর ইউপি জানান যে তাঁর ইউনিয়নের আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। উপজেলা আইন-শৃংখলা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন করা হয়। | ৪.পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের অগ্রগতিসহ সভায় উপস্থিত হবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো | ৪.সংশ্লিষ্ট সকল |

ঘ. আলোচনান্তে সর্ব সম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হলো ঃ-

১. কোভিড-১৯ মোকাবেলায় জনসাধারণ-কে মাস্ক পরিধানের বিষয়ে জনসচেতনতামূলক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

২. সকল মসজিদের প্রত্যেক জুম্মায় খুৎবার আগে বা পরে সন্ত্রাস ও জঙ্গীবাদ বিরোধী বক্তব্য প্রচার করার জন্য সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, নলডাঙ্গা অনুরোধ করা হয়।

৩. বাল্য বিবাহ, নারী নির্যাতন প্রতিরোধে ১০৯, ৩৩৩, ৯৯৯ নম্বরে মোবাইল ফোনের মাধ্যমে অভিযোগ জানানোর জন্য সকলকে অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১০/০৩/২১

(মোঃ আব্দুলাহ আল মামুন)
উপজেলা নির্বাহী অফিসার
নলডাঙ্গা, নাটোর
ফোন নং ০৭৭৩২-৫১০০১
ই-মেইল: unonaldanga@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নলডাঙ্গা, নাটোর
www.naldanga.natore.gov.bd

স্মারক নং০৫.৪৩.৬৯৫৫.০০০.১১.০২৬.১৫-১৮৬

তারিখঃ ২৫ ফাল্গুন ১৪২৭ / ১০ মার্চ ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

১। মাননীয় সংসদ সদস্য, ৫৯ নাটোর-২।
২। জেলা প্রশাসক, নাটোর।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নলডাঙ্গা, নাটোর।
৪। উপজেলা ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নলডাঙ্গা, নাটোর।
৫। উপজেলা...........................................................অফিসার, নলডাঙ্গা, নাটোর।
৬। চেয়ারম্যান, ব্রক্ষপুর/মাধনগর/খাজুরা/পিপরুল/বিপ্রবেলঘড়িয়া ইউ, পি, নলডাঙ্গা, নাটের।
৭। জনাব...........................................................................................

১০/০৩/২১

(মোঃ আব্দুলাহ আল মামুন)
উপজেলা নির্বাহী অফিসার
নলডাঙ্গা, নাটোর